



## প্রেস বিজ্ঞপ্তি

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

### শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বিষয়ে অংশীজনের সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ।

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ বিষয়ে অংশীজনের সভা। ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সভা অনুষ্ঠিত হয়। সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সেবা গ্রহণের সমস্যাসমূহ চিহ্নিতকরণ এবং সমাধানের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের অর্থ ও হিসাব পরিচালকের অফিস এ সভার আয়োজন করে। এ উপলক্ষে এক বার্তায় সভার প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের স্বতন্ত্রভাবে দায়িত্ব পালনে দায়বদ্ধতা রয়েছে। মানসম্মত গবেষণাধর্মী উচ্চশিক্ষা নিশ্চিতকরণ এবং দক্ষ মানবসম্পদ তৈরিতে বিশ্ববিদ্যালয়ের সকলকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য তিনি উদাত্ত আহবান জানান। একইসাথে শুদ্ধাচারের সকল কৌশল ও নিয়মকানুন সঠিকভাবে বাস্তবায়নের প্রতি গুরুত্বারোপ করেন উপাচার্য মহোদয়। অপর এক বার্তায় বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া বলেন, শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সাথে সংশ্লিষ্ট সকলকে তাদের দায়িত্ব পালনে জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। প্রত্যেককে নিজ দায়িত্বের প্রতি আরও সজাগ এবং সচেতন থেকে বিশ্ববিদ্যালয়কে ইতিবাচকভাবে সামনের দিকে এগিয়ে নিতে হবে। সভায় বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট বাহাউদ্দিন গোলাপ, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট প্রকৌশলী কামরুল হাসান, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক ফোকাল পয়েন্ট সায্যাদ উল্লাহ মোঃ ফয়সাল, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট মশিউর রহমান এবং তথ্য অধিকার বিষয়ক ফোকাল পয়েন্ট ফয়সল মাহমুদ তাদের নিজ নিজ বিষয়গুলো উপস্থাপন করেন। অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) সুপ্রভাত হালদার, সাংস্কৃতিক সংগঠন সমন্বয় পরিষদ বরিশালের সভাপতি শুভংকর চক্রবর্তী এবং এ আর খান মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শফিকুর রহমান। অর্থ ও হিসাব শাখার উপ-পরিচালক সুব্রত কুমার বাহাদুরের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, প্রভোস্ট, পরিচালক, দপ্তর প্রধান, স্থানীয় সরকারের জনপ্রতিনিধি, গণমাধ্যমকর্মীসহ অর্থ ও হিসাব শাখার কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভাটি সঞ্চালনা করেন অর্থ ও হিসাব শাখার সহকারী পরিচালক আতিকুর রহমান।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস